# নিড্‌ল ব্যবস্থাপনা নীতিমালা

## Needle management policy

সুইং মেশিনে কাজ চলাকালে বিভিন্ন কারনে ব্যবহৃত নিড্‌ল ভেঙ্গে যেতে পারে। নিড্‌ল এর ভাঙ্গা অংশ প্রস্তুতকৃত গার্মেন্টে ঢুকে থাকলে গার্মেন্টে ব্যবহারকারীর শরীরে ক্ষত সৃষ্টির আশঙ্কা থাকে। গার্মেন্ট ব্যবহারকারীর স্বাস্থ্যগত নিরাপত্তা এবং আমাদের ক্রেতাদেও নির্ধারিত আচরন বিধি **(Code of conduct)** এর প্রতি সম্মান প্রদর্শন কওে কর্তৃপক্ষ অত্র নিড্‌ল ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন করছেন।

**১. ভান্ডার শাখা হতে নিড্‌ল উত্তলন এবং প্রতিবেদন পেশ করন (Needle receive & submition of report)ঃ**

"ভান্ডার ব্যবস্থাপনা নীতিমালা" এর অনুচ্ছেদ ৯ (নিড্‌ল ব্যবস্থাপনা) অনুযায়ী -

ক) **Needle Supplyer** প্রতিদিনের প্রয়োজনীয় **Needle store requisition** এর মাধ্যমে ভান্ডার শাখা হতে উত্তলন করবে।

খ) প্রতিদিনের **Needle** খরচের পূনাঙ্গ হিসাব নির্দিষ্ট রেজিষ্টারে লিপিবদ্ধ রাখবে।

গ) মাস শেষে সারা মাসে **Needle** ব্যয়ের সম্পূর্ন বিবরন এবং **Broken** ও **Used needle** এর একটি **Closing summaey** তৈরি করে সংশিণ্ঢষ্ট ষ্টোর কিপার এর নিকট জমা দিবে।

ঘ) **Needle supplyer** কর্তৃক পেশকৃত **Closing summary** এর বর্নিত হিসাব যাচাইপূর্বক ষ্টোর কিপার এবং পরবর্তীতে ভান্ডার ব্যবস্থাপক তাতে স্বাক্ষও করবেন এবং **Needle supplyer** কে নতুন **Needle** ইস্যু করবেন।

ঙ) পূর্ববর্তী মাসের **Closing summary** এর বণিত হিসাব যাচাই না কওে বা ব্যবহৃত ও ভাঙ্গা **Needle** ফেরত না নিয়ে কোন অবস্থাতেই নতুন **Needle** ইস্যু করা যাবে না ।

**২. নিড্‌ল বিতরন (Needle issue) ঃ**

কেবলমাত্র নিম্নলিখিত শর্তাবলী যথাযথভাবে পালন সাপেক্ষে উৎপাদন কার্য্যক্রমের জন্য প্রয়োজনীয় নতুন নিড্‌ল ইস্যু করা যেতে পারে।

ক) নিড্‌ল ভেঙ্গে গেলে সংশিণ্ঢষ্ট মেশিন অপারেটর ভেঙ্গে যাওয়া নিড্‌ল এর সকল ভাঙ্গা অংশ সহ নিড্‌ল সরবরাহকারীর নিকট জমা দিয়ে নতুন নিড্‌ল সংগ্রহ করতে পারবে।

খ) যদি কোন মেশিনের নিড্‌ল বাকা বা অকেজো হয়ে যায় তবে বাকা বা অকেজো হয়ে যাওয়া নিড্‌লটি নিড্‌ল সরবরাহকারীর নিকট জমা দিয়ে নতুন নিড্‌ল সংগ্রহ করতে পারবে।

গ) ভাঙ্গা নিড্‌ল এর ক্ষেত্রে, নিড্‌লের সকল ভাঙ্গা অংশ নিড্‌ল সরবরাহকারীর নিকট জমা না হলে নতুন নিড্‌ল ইস্যু করা যাবে না।

ঘ) ভাঙ্গা নিড্‌ল পরিবর্তনের পূর্বে নিড্‌লের সকল ভাঙ্গা অংশ মিলিয়ে দেখতে হবে যে, অংশগুলো একই নিড্‌লের কিনা বা সকল অংশ জমা হয়েছে কিনা।

ঙ) কোন মেশিন অপারেটর যে নম্বরের এবং সাইজের নিড্‌ল জমা করবে তাকে ঠিক সেই নম্বরের এবং সাইজের নতুন নিড্‌ল ইস্যু করতে হবে। ভিন্ন নম্বর এবং সাইজের নিড্‌ল কোন অবস্থাতেই ইস্যু করা যাবে না।

৩. নিড্লের ভেঙ্গে যাওয়া অংশ খুজে পাওয়া না গেলে (**<u>If the broken parts of neddle are not found)</u>** ঃ
যদি কোন কারনে ভেঙ্গে যাওয়া নিড্ল এর সকল ভাঙ্গা অংশ খুজে পাওয়া না যায় তবে নিম্নলিখিত পদক্ষেপ সমুহের যেকোন একটি বা সকল পদক্ষেপ যথাযথভাবে গ্রহন করে নিড্লের ভাঙ্গা অংশ খুজেঁ বের করে নিড্ল সরবরাহকারীর নিকট জমা প্রদান সাপেক্ষে সংশিণ্টষ্ট মেশিন অপারেটরকে নতুন নিড্ল ইস্যু করা যেতে পারে।

ক) চৌম্বকের মাধ্যমে খুঁজে বের করা (**Searching by a magnet**) ঃ ভেঙ্গে যাওয়া নিড্লের ভাঙ্গা অংশ যদি খালি চোখে খুঁজে পাওয়া না যায় তবে লাইনে কর্তব্যরত সুপারভাইজার ও মেকানিকের সাহায্যে চৌম্বক দন্ড দ্বারা সংশিণ্টষ্ট মেশিন ও মেশিন সংলগ্ন এলাকা এবং সংলগ্ন এলাকার সকল গার্মেন্ট ভালভাবে খুঁজতে হবে।

খ) উপানুচ্ছেদ (ক) ব্যার্থ হলে, ভেঙ্গে যাওয়া নিড্লের মেশিন সংলগ্ন এলাকার মধ্যে অবস্থিত সকল গার্মেন্ট নিড্ল সরবরাহকারীর উপস্থিতিতে নিড্ল সনাক্তকারী যন্ত্র (**Needle detecting machine**) এর মাধ্যমে পরিক্ষা করতে হবে।

৪. <u>নিড্লের ভাঙ্গা অংশ যদি স্থায়ীভাবে হারিয়ে যায় (**If the broken parts of needle permanently lost)**</u> ঃ

ক) ভেঙ্গে যাওয়া নিড্লের মেশিন সংলগ্ন সকল গার্মেন্ট বাতিল (**Reject**) বলে গন্য হবে।

খ) বাতিলকৃত সকল গার্মেন্ট নিড্ল সনাক্ত করনে ব্যার্থ বাক্সে (**Needle detected garments box**) এ জমা করতে হবে।

৫. নিড্লের ভাঙ্গা অংশ জমাদান ব্যতিরেকে নতুন নিড্ল ইস্যু করন (**<u>Issuing of needles without submition of broken parts)</u>** ঃ

ক) নির্ধারিত ফর্মে লিখিত চাহিদা পত্রের মাধ্যমে নতুন নিড্ল উত্তোলন করা যেতে পারে।

খ) উক্ত চাহিদা পত্রে কারখানার মহাব্যবস্থাপক (উৎপাদন) এর স্বাক্ষর থাকতে হবে।

গ) কোন যুক্তিসংগত কারনে চাহিদা পত্রে যদি মহাব্যবস্থাপক (উৎপাদন) এর অনুমোদন বা স্বাক্ষর গ্রহন করা সম্ভব না হয় তবে কোয়ালিটি ম্যানেজার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

ঘ) কোন যুক্তিসংগত কারনে যদি উপানুচ্ছেদ (গ) পালন করা সম্ভব না হয় তবে কারখানায় কর্মরত কিউসি ইনচার্জ কর্তৃক স্বাক্ষরিত চাহিদাপত্র ভান্ডার শাখায় পেশ করতে হবে।

৬. <u>ভাঙ্গা/অকেজো নিড্ল সংরক্ষন (**Broken/useless needle preservation)** ঃ</u>


ক) সকল প্রকার ভাঙ্গা নিড্ল (**Broken needle**) এর ভাঙ্গা অংশসমুহ একের পর এক সাজিয়ে সংশিণ্টষ্ট ক্রেতার অনুমদিত ছক সম্বলিত কাগজে স্কচ টেপ দিয়ে লাগিয়ে রাখতে হবে।

খ) সকল ব্যবহৃত/ অকেজো নিড্ল (**Used needle**) সংশিণ্টষ্ট ক্রেতার অনুমোদিত ছক সম্বলিত কাগজে স্কচ টেপ দিয়ে লাগিয়ে রাখতে হবে বা নির্ধারিত বাক্সে তালাবদ্ধ অবস্থায় মজুদ করতে হবে।

গ) কোন অবস্থাতেই উপানুচ্ছেদ (ক) ও (খ) এর ব্যত্যয় ঘটানো যাবে না।

কর্তৃপক্ষ এই মর্মে নির্দেশ প্রদান করছেন যে, সংশিণ্টষ্ট সকল বিভাগ এবং বিভাগে কর্মরত শ্রমিক অত্র নীতিমালার শতভাগ বাস্ড়বায়নের মাধ্যমে ক্রেতাদের কাছে প্রদত্ত প্রতিশ্রুতি এবং আচরনবিধি (**COC**) অনুযায়ী “পন্য নিরাপত্তা” নিশ্চিত করবেন।

# ধাতু / সূঁচ সনাক্ত করন প্রবাহ চিত্র




**লাইন থেকে মেশিন আইডেলে নেবার সময় নিডলটি নিডলকিপারের কাছে জমা দেওয়া হয় এবং পরবর্তীতে আইডল থেকে মেশিন লাইনে নেবার সময় নিডলকিপারের কাছ থেকে নিডলটি নেওয়া হয় । এই আইডেল মেশিন এর নিডল সংরক্ষন ও বিতরনের জন্য একটি রেজিষ্টার ব্যবহার করা হয় ।**

কর্তৃপক্ষ

----------------- মিলস্ লিঃ